রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, ডিসেম্বর ২২, ২০২৩

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। ]

**ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ**
**প্রধান কার্যালয়**
**রাঙ্গামাটি পার্বত্য জেলা**
**চট্টগ্রাম বিভাগ, বাংলাদেশ।**

**'বিজ্ঞপ্তি'**

তারিখ: ০৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ / ২৩ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩**

নং: **ওয়েলফেয়ার টিএসএল/প্রশা:/এনজিও সংস্থা/স্বেচ্ছাসেবী কার্যক্রম/বিজ্ঞপ্তি-২০২৩.০০.০৫-১৫৮**—সকলের অবগতি ও কার্যার্থে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ ও এর মন্ত্রণালয় ও বিভাগসমূহ (Allocation of Business অনুসারে) স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়নে সহযোগীতা প্রদানকারী কৃষি মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ এবং ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড (ব্র্যান্ডিং পরিচিতি ও শিরোনামযুক্ত প্রতিষ্ঠান বা সংস্থা: ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ) এর আর্থিক, কারিগরি ও প্রযুক্তিগত সহযোগীতা এবং সার্বিক তত্ত্বাবধানে সংশ্লিষ্ট অন্যান্য সকল দেশ ও বিদেশের এনজিও, কোম্পানি, প্রতিষ্ঠান ও সংস্থাসমূহের সাথে সমন্বয় ও সহযোগীতায় স্মার্ট এগ্রিকালচার এর আওতাভুক্ত সকল কাজ বা কার্যাবলি পরিচালনা করার জন্য বোর্ড অব ডাইরেক্টরস সভায় স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ অনুমোদন করেছে।

এই বিজ্ঞপ্তি প্রতিষ্ঠান ও জনস্বার্থে প্রকাশ করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

প্রতিষ্ঠান ও জনস্বার্থে

**নুর মোহাম্মদ সিদ্দিকী**
চেয়ারম্যান



**মূল্য :** টাকা ২০.০০

# স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩

## প্রথম অধ্যায়
## সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন এবং সংজ্ঞা

**১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন**

(১) এটি **'স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩'** নামে অভিহিত হবে।

(২) অন্যকোনো নীতিমালা, চুক্তি বা সমজাতীয় দলিলে ভিন্নরূপ কোনো বিধান না থাকলে, এই 'স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩' এর ধারা, উপধারার নিম্নবর্ণিত সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত, সংশ্লিষ্ট অন্যান্য সকল দেশ ও বিদেশের এনজিও, কোম্পানি, প্রতিষ্ঠান ও সংস্থাসমূহের অর্থায়ন এবং বাংলাদেশে পরিচালিত সকল কৃষি ও কৃষি উন্নয়ন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত সকল ব্যক্তিগণের জন্য যেকোনো আইন, বিধি ও নীতিমালা যেভাবে প্রযোজ্য ছিল, সে সকল বিধানের বিষয়বস্তুর প্রতিফলনে যে সকল বিধান এই 'স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩' এর সাথে সংযোজিত হয়েছে তা সকলের জন্য প্রযোজ্য থাকবে।

(৩) রাঙ্গামাটি জেলা প্রশাসকের কার্যালয়ে প্রাতিষ্ঠানিক সমঝোতা স্মারক (MoU) বা চুক্তি রেজিস্টার্ড বন্ড নাম্বার দ্বারা যে তারিখ নির্ধারণ করা হয়েছে সে তারিখে বোর্ড অব ডাইরেক্টরস সভার সিদ্ধান্ত মোতাবেক এই 'স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩' কার্যকর হয়েছে।

(৪) স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ অবিলম্বে কার্যকর হবে।

**২। সংজ্ঞা**

স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ বলতে ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড (ব্র্যান্ডিং পরিচিতি ও শিরোনামযুক্ত প্রতিষ্ঠান বা সংস্থা: ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ) এর আর্থিক, কারিগরি ও প্রযুক্তিগত সহযোগীতা এবং সার্বিক তত্ত্বাবধানে লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীতে আধুনিক কৃষি ও কৃষক উন্নয়ন, সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন এবং প্রতিষ্ঠানের কার্যক্রমের আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম প্রতিষ্ঠা ও পরিচালনার লক্ষ্যে গৃহিত নীতিমালাকে বুঝাবে।

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে **'স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩'** অনুযায়ী—

১) **"স্মার্ট বাংলাদেশ"** বলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ (কমিটি বিষয়ক শাখা) কর্তৃক গঠিত ও গৃহিত রূপকল্প-২০৪১ কে বুঝায়;

২) **'স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩'** বলতে সমগ্র বাংলাদেশে স্মার্ট এগ্রিকালচার বিস্তারের লক্ষ্যে 'স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩' প্রকাশনাকে বুঝায়;

৩) **"মন্ত্রণালয়"** বলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও অন্যান্য মন্ত্রণালয়কে বুঝায়;

৪) **"প্রতিষ্ঠান"** বলতে ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেডকে বুঝায়;

৫) **"সহযোগী প্রতিষ্ঠান বা সংস্থা"** বলতে প্রতিষ্ঠানের মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন কোম্পানি, প্রতিষ্ঠান ও সংস্থাসমূহ এবং পরবর্তীতে অন্তর্ভুক্ত সরকারি অথবা বেসরকারি যেকোনো প্রতিষ্ঠান থেকে নিবন্ধিত যেকোনো প্রতিষ্ঠান বা সংস্থাকে বুঝায়;

৬) **"রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন কর্তৃপক্ষ"** বলতে প্রতিষ্ঠানের মালিকানাধীন 'ফিনটেক আইসিটি রেজিস্ট্রেশন অ্যান্ড সাবস্ক্রিপশন সার্ভিসেস লিমিটেড' কে বুঝায়;

৭) **"স্মার্ট এগ্রিকালচার কর্তৃপক্ষ"** বলতে ওয়েলফেয়ার ম্যানেজমেন্ট বা ওয়েলফেয়ার ফ্যামিলি ম্যানেজমেন্ট অথবা এই 'স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩' এর অধীন প্রত্যক্ষ বা পরোক্ষ কাজ বা কার্যাবলি সম্পাদন করার জন্য বিভাগীয় প্রধান কর্মকর্তাগণকে বুঝায়;

৮) **"সংস্থা বা সংগঠন"** বলতে 'ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ' ও 'সিএইচটি উইমেন ফোরাম' এবং পরবর্তীতে অন্তর্ভুক্ত সরকারি অথবা বেসরকারি যেকোনো প্রতিষ্ঠান বা সংগঠন থেকে নিবন্ধিত বা সদস্যভুক্ত যেকোনো সংস্থা বা সংগঠনকে বুঝায়;

৯) **"ওয়েলফেয়ার ম্যানেজমেন্ট"** বা **"বোর্ড অব ডাইরেক্টরস"** বলতে 'ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড' পরিচালনার প্রধান বা মূল পর্ষদ সদস্যদেরকে বুঝায়;

১০) **"ওয়েলফেয়ার ফ্যামিলি ম্যানেজমেন্ট"** বলতে ওয়েলফেয়ার ম্যানেজমেন্ট বা বোর্ড অব ডাইরেক্টরস কর্তৃক গঠিত ওয়েলফেয়ার ফ্যামিলি ম্যানেজমেন্টকে বুঝায়;

১১) **"কোম্পানি"** বলতে ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড ও এর আওতাভুক্ত যেকোনো নিবন্ধিত কোম্পানিকে বুঝায়;

১২) **"এনজিও সংস্থা"** বলতে 'ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ' ও 'সিএইচটি উইমেন ফোরাম' এবং এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক নিবন্ধিত ও প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণাধীন যেকোনো এনজিও সংস্থাকে বুঝায়;

১৩) **"ডেভেলপমেন্ট পার্টনারস"** বলতে প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণাধীন চুক্তিবদ্ধ যেকোনো কোম্পানি, বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা (NGO) ও সংগঠনকে বুঝায়;

১৪) **"স্বেচ্ছাসেবী সংস্থা"** বলতে 'ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ' ও 'সিএইচটি উইমেন ফোরাম' এবং 'সমাজসেবা অধিদফতর' অথবা 'মহিলা বিষয়ক অধিদপ্তর' অথবা 'যুব উন্নয়ন অধিদপ্তর' অথবা রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানি অ্যান্ড ফার্মস নিবন্ধিত ও প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণাধীন যেকোনো স্বেচ্ছাসেবী সংস্থাকে বুঝায়;

১৫) **"অ্যাপ"** বলতে প্রতিষ্ঠানের একক মালিকানাধীন ও নিয়ন্ত্রণাধীন My Welfare App অথবা প্রাতিষ্ঠানিক অন্যান্য Mobile Apps কে বুঝায়;

১৬) **"ওয়েবসাইট"** বলতে প্রতিষ্ঠানের একক মালিকানাধীন ও নিয়ন্ত্রণাধীন www.welfarebd.org অথবা www.welfarefamily.org অথবা

www.job.welfarefamily.org অথবা www.welfare.com.bd এবং প্রাতিষ্ঠানিক অন্যান্য Website কে বুঝায়;

১৭) **"ওয়েলফেয়ার সফটওয়্যার"** বলতে প্রতিষ্ঠানের একক মালিকানাধীন ও নিয়ন্ত্রণাধীন ওয়েলফেয়ার কাস্টমাইজড ও ব্যবহৃত যেকোনো সফটওয়্যারকে বুঝায়;

১৮) **"নিবন্ধন সদস্য সংগ্রহ"** বলতে My Welfare App অথবা www.welfarebd.org অথবা www.welfarefamily.org অথবা www.job.welfarefamily.org অথবা www.quiz.welfarefamily.org অথবা www.welfare.com.bd এবং প্রাতিষ্ঠানিক অন্যান্য Software, Website, Mobile Apps সহ অন্যান্য Modern Technology ব্যবহার করে স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়ন করার জন্য কমিউনিটি ভিত্তিক নিবন্ধন সদস্য সংগ্রহকে বুঝায়;

১৯) **"ওয়েলফেয়ার কমিউনিটি"** বলতে লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের জন্য নিবন্ধন সদস্য দ্বারা গঠিত কমিউনিটিকে বুঝায়;

২০) **"দান-অনুদান"** বলতে লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর সামাজিক ও অর্থনৈতিক এবং কর্তৃপক্ষের কার্যক্রমের আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম প্রতিষ্ঠা ও পরিচালনার লক্ষ্যে দেশ ও বিদেশের বিভিন্ন প্রকার দাতাগোষ্ঠী থেকে সংগৃহিত তহবিল বা পণ্যকে বুঝায়;

২১) **"বিনিয়োগ গ্রহণ বা সংগ্রহ"** বলতে লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর সামাজিক ও অর্থনৈতিক এবং কর্তৃপক্ষের কার্যক্রমের আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম প্রতিষ্ঠা ও পরিচালনার লক্ষ্যে বিভিন্ন প্রকার চুক্তির মাধ্যমে দেশ ও বিদেশের বিনিয়োগকারী দাতাগোষ্ঠী বা ব্যক্তি হতে সংগৃহিত তহবিলকে বুঝায়;

২২) **"ঋণ গ্রহণ বা সংগ্রহ"** বলতে লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর সামাজিক ও অর্থনৈতিক এবং কর্তৃপক্ষের কার্যক্রমের আওতাভুক্ত প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম প্রতিষ্ঠা ও পরিচালনার লক্ষ্যে বিভিন্ন প্রকার চুক্তির মাধ্যমে দেশ ও বিদেশের ঋণ দাতাগোষ্ঠী বা ব্যক্তি থেকে সংগৃহিত তহবিলকে ঋণ গ্রহণ বা সংগ্রহ বুঝায়;

২৩) **"বিজ্ঞাপন"** বলতে ব্যাপক প্রচারের উদ্দেশ্যে পত্রিকা বা সোস্যাল মিডিয়া বা অন্যান্য গণমাধ্যমে প্রকাশিত বিজ্ঞাপনকে বুঝায়;

২৪) **"তফসিল"** বলতে এই 'স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩' এর সাথে সংযোজিত তফসিলকে বুঝায়;

২৫) **"নীতিমালা বা পরিপত্র বা বিজ্ঞপ্তি"** বলতে কর্তৃপক্ষের প্রয়োজনে সময়ে সময়ে জারীকৃত যেকোনো নীতিমালা বা পরিপত্র বা বিজ্ঞপ্তিকে বুঝাবে;

২৬) **"গেজেট বিজ্ঞপ্তি"** বলতে কর্তৃপক্ষের প্রয়োজনে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত গেজেট বিজ্ঞপ্তিকে বুঝাবে।

## দ্বিতীয় অধ্যায়
## রূপকল্প, উদ্দেশ্য ও কৌশলগত উদ্দেশ্যসমূহ

### ৩। স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়ন রূপকল্প

কৃষি মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন দপ্তর বা অধিদপ্তর, সংস্থাসমূহ বাংলাদেশে কৃষি সংক্রান্ত সার্বিক ব্যবস্থাপনা ও পরিচালনা করে থাকে। বাংলাদেশের কৃষি প্রতিষ্ঠানসমূহে সুশাসন ও ব্যবস্থাপনা উন্নয়নের মাধ্যমে উচ্চশিক্ষা ও উদ্ভাবনী গবেষণায় উৎকর্ষতা অর্জন, টেকসই আর্থ-সামাজিক উন্নয়ন ও জ্ঞান ভিত্তিক অর্থনীতি গড়ে তুলতে কৃষি বিশ্ববিদ্যালয়সমূহকে সার্বিক সুবিধা প্রদান নিশ্চিত করা। স্মার্ট বাংলাদেশ ২০৪১ গঠনের ধারাবাহিকতায় স্মার্ট এগ্রিকালচার বিস্তারের লক্ষ্যে 'স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩' অনুযায়ী বাংলাদেশের উন্নয়নে অবদান রাখতে ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ বিভাগের সমস্যাগুলি সমাধানের জন্য খামারে ইন্টারনেট অব থিংস, সেন্সর, লোকেশন সিস্টেম, অটোমেশন, রোবটিক্স এবং কৃত্রিম বুদ্ধিমত্তার মতো প্রযুক্তির ব্যবহার, শস্যের গুণমান ও পরিমাণ বৃদ্ধি করা এবং ব্যবহৃত মানবশ্রমকে অপটিমাইজ করা ও কৃষি ব্যবস্থাকে আধুনিকায়ন এবং বৈচিত্র্যময় কৃষি পণ্য উৎপাদনের লক্ষ্যে স্মার্ট এগ্রিকালচার নিয়ে কাজ করছে যা বাংলাদেশের কৃষক ও কৃষি ব্যবস্থার ক্ষেত্রে যথেষ্ট অবদান রাখতে চলেছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্মার্ট বাংলাদেশ-২০৪১ ও স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ বাস্তবায়নে সরকারের উন্নয়ন সহযোগী হিসেবে ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ ও ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড এবং সিএইচটি উইমেন ফোরাম প্রতিষ্ঠান ও সংস্থা সম্পর্কে মাননীয় প্রধানমন্ত্রী সম্মত আছেন।

### ৪। স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়নের উদ্দেশ্যসমূহ

(১) স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়নের মাধ্যমে কৃষক ও কৃষি ব্যবস্থার উন্নয়ন ও আধুনিকায়ন করা;

(২) স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়নের মাধ্যমে দেশের কৃষি ব্যবস্থায় অকল্পনীয় পরিবর্তন আনা;

(৩) টেকসই কৃষি উৎপাদনশীলতা এবং আয় বৃদ্ধি করা;

(৪) জলবায়ু পরিবর্তনের সঙ্গে খাপ খাওয়ানো এবং স্থিতিস্থাপকতা তৈরি করা এবং যেখানে সম্ভব গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাস অথবা অপসারণ করা;

(৫) স্মার্ট কৃষি বাস্তবায়নের জন্য স্মার্ট কৃষিতে ব্যবহৃত প্রযুক্তিগত সুবিধা বাড়ানো এবং সংশ্লিষ্টদের এ বিষয়ে দক্ষ করে তোলা;

(৬) যথার্থ সেচ এবং সুনির্দিষ্ট উদ্ভিদ পুষ্টি, গ্রিনহাউসে জলবায়ু ব্যবস্থাপনা এবং নিয়ন্ত্রণ, সেন্সর-মাটি, জল, আলো, আর্দ্রতা, তাপমাত্রা ব্যবস্থাপনার জন্য সফটওয়্যার প্লাটফর্ম ব্যবহার;

(৭) জিপিএস, স্যাটেলাইট, যোগাযোগ ব্যবস্থা-মোবাইল সংযোগ, রোবট, বিশ্লেষণ এবং অপটিমাইজেশন প্লাটফর্ম, আর এই সমস্ত প্রযুক্তির মধ্যে সংযোগ হলো ইন্টারনেট অব থিংস যা প্রাপ্ত ডেটার ওপর

ভিত্তি করে খামার পরিচালনা করা;

(৮) খামারের প্রক্রিয়াগুলো নিরীক্ষণ এবং দূর থেকে কৌশলগত সিদ্ধান্ত নেয়ার ব্যবস্থা করা;

(৯) গ্রামীণ পর্যায়ে কৃষককদের সংগঠন ভিত্তিক কৃষির বিভিন্ন ডিজিটাল প্রযুক্তি ও আধুনিক যন্ত্রপাতি ব্যবহারের বিষয়ে প্রশিক্ষণ ও প্রচারণার মাধ্যমে আরো দক্ষ করে গড়ে তোলা;

(১০) স্মার্ট ফার্মিং এর মাধ্যমে শস্যের গুণমান ও পরিমাণ বৃদ্ধি করা এবং ব্যবহৃত মানবশ্রমকে অপটিমাইজ করা;

(১১) চাষাবাদ থেকে শুরু করে বাজারজাতকরণ সবক্ষেত্রে স্মার্ট প্রযুক্তি ব্যবহার যেমন রিমোট কন্ট্রোল, অটোমেশন, অপারেটেড রাইস ট্রান্সপ্লান্টার, কম্বাইন্ড হারভেস্টার ব্যবহার, বীজবপণ যন্ত্রের ব্যবহার বাড়ানো;

(১২) ড্রোন ব্যবহার, স্মার্ট সয়েল ময়েশ্চার সেনসর ব্যবহার, পিএইচ সেনসর, আইওটি ভিত্তিক স্মার্ট কৃষি খামার ব্যবস্থাপনা, রিমোট সেনসিং এবং জিআইএস প্রযুক্তির মাধ্যমে ক্ষতিকর পোকামাকড় ও রোগের পূর্বাভাস প্রদান ও দমন ব্যবস্থাপনা, রোবটিক্স (ক্ষেত্র বিশেষে) ইত্যাদি ব্যবহারে কম খরচে অধিক ফলন বৃদ্ধি নিশ্চিত করা;

(১৩) উৎপাদন ব্যবস্থাপনা দ্রুততর করা;

(১৪) সরবরাহ ব্যবস্থাকে স্মার্ট ও তরান্বিত করা;

(১৫) লাগসই প্রযুক্তি ও কৃষি যান্ত্রিকীকরণ ব্যবস্থা ও প্রযুক্তির সঠিক ব্যবহার নিশ্চিত করা।

**৫। স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়নের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

(১) প্রতি একর জমিতে ফসলের উৎপাদনশীলতা প্রায় দ্বিগুণ করা;

(২) স্প্রিংকলার সেচ পদ্ধতি, ঘরে বসে ডিজিটাল সেচ যন্ত্র পরিচালনা এবং মালচিং পদ্ধতির মাধ্যমে জমিতে আদ্রতা বৃদ্ধি করার জন্য স্মার্ট সেচ ব্যবস্থার অনুসন্ধান ও অনুশীলন করানো;

(৩) জলবায়ু পরিবর্তন মোকাবিলায় লবণাক্ত, খরা, জলমগ্ন সহিষ্ণু ধান, গম, পাট, সরিষা বা তেল জাতীয় ফসল, বিভিন্ন সবজির জাত উন্নয়ন করা এবং জাতসমূহ দ্রুত কৃষকের দোরগোড়ায় পৌঁছানো;

(৪) জলবায়ু পরিবর্তন মোকাবিলায় ফসলের চাষ পদ্ধতির পরিবর্তন করে, যেমন দক্ষিণাঞ্চল ও বন্যাপ্রবণ এলাকায় সর্জন পদ্ধতি, ভাসমান বেডে সবজি চাষ, টিলা পদ্ধতিতে সবজি চাষ করা;

(৫) জলবায়ু পরিবর্তন জনিত ঝুঁকি মোকাবিলায় উত্তরাঞ্চলে কৃষি জমিতে মালচিং পদ্ধতি ব্যবহার, বিকল্প ভেজানো এবং শুকানো, ড্রিপ ইরিগেশন ব্যবস্থা করা;

(৬) জলবায়ু পরিবর্তন জনিত ঝুঁকি মোকাবিলায় পাহাড়ি অঞ্চলে জিরো টিলেজ পদ্ধতি ও ফলগাছে মালচিং পদ্ধতি ব্যাপকভাবে প্রয়োগ করা;

(৭) এছাড়া গ্রিন হাউজ এর মধ্যে বিভিন্ন সবজি সারাবছর চাষ করার জন্য গবেষণা প্রতিষ্ঠানসহ উপযুক্ত

জায়গায় গ্রিন হাউস স্থাপনের সুযোগ-সুবিধা বৃদ্ধি করা;

(৮) জমির স্বাস্থ্য ঠিক রাখতে পর্যাপ্ত জৈব সারের ব্যবহার বাড়াতে উৎসাহ প্রদান করা।

**৬। স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়নে সমস্যা ও চ্যালেঞ্জসমূহ**

**স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়নে সমস্যা ও চ্যালেঞ্জসমূহ, যথা:**

(১) স্মার্ট সেচ ব্যবস্থা বাস্তবায়নে নির্দিষ্ট ল্যান্ডস্কেপ চাহিদা মেটাতে স্বয়ংক্রিয়ভাবে পানি দেওয়ার সময়সূচী এবং সঠিক ও প্রয়োজনীয় পরিমাণ পানি সরবরাহ নিশ্চিত করা;

(২) জলবায়ু পরিবর্তনের ফলে তাপমাত্রা বৃদ্ধি, আর্দ্রতা কমে যাওয়া, এবং কৃষি জমিতে ভূ-গর্ভস্থ পানির যথেষ্ট ব্যবহারের ফলে পানির স্তর নিচে নেমে যাওয়ার কারণ উদঘাটন ও সম্ভাব্য সমাধান খুঁজে বের করা;

(৩) বোরো ধান চাষে অধিক পরিমাণে সেচের প্রয়োজন হয়। বিকল্প ভেজানো এবং শুকানো প্রযুক্তি ব্যবহার করে বোরো ধানে পানির সঠিক ব্যবহার নিশ্চিত করা;

(৪) বিভিন্ন সবজি চাষে সঠিকভাবে ড্রিপ সেচ পদ্ধতিটি স্থাপন ও পানি সেচ নিয়ন্ত্রণ করে প্রথাগত সেচ পদ্ধতির চেয়ে ৮০% পর্যন্ত পানি সাশ্রয় করা;

(৫) জলবায়ু পরিবর্তনের ফলে দেশের দক্ষিণাঞ্চলে লবণাক্ততা বৃদ্ধি ও উত্তরাঞ্চলে খরার প্রবণতার কারণে এসব অঞ্চলে ফসল চাষ করতে না পারা;

(৬) চতুর্থ শিল্প বিপ্লবের সাথে তাল মিলিয়ে স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়নে সমস্যা ও চ্যালেঞ্জসমূহ মোকাবিলা করা।

**৭। স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়নে ভবিষ্যৎ পরিকল্পনা**

(১) দেশের জনসংখ্যা দিন দিন বাড়ছে। জমির পরিমাণ কমছে। বর্ধিত এ জনগোষ্ঠীর খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করতে স্বল্প জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা;

(২) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী এক ইঞ্চি জমিও ফাঁকা রাখা যাবে না। এক্ষেত্রে প্রতি ইঞ্চি জমির সঠিক ব্যবহার নিশ্চিত করতে শস্য নিবিড়তা বাড়াতে একই জমিতে এক বছরে যত সংখ্যক বেশি ফসল চাষ করা যায় তার ব্যবস্থা করা। যেমন আন্তঃফসল, সাথী ফসল ও মাল্টিলেয়ারে ফসল চাষ করা যেতে পারে, এতে জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত হবে এবং মোট উৎপাদনও বৃদ্ধি পাবে;

(৩) আবাদযোগ্য জমি, চলতি পতিত জমি, স্থায়ী পতিত জমি ও প্রাতিষ্ঠানিক পতিত জমির আপগ্রেড তথ্য জিআইএস এর মাধ্যমে সংগ্রহ করে ডেটাবেজ তৈরি করে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়ন করে তা ক্রমান্বয়ে বাস্তবায়ন করা;

(৪) কৃষির বাণিজ্যিক উৎপাদন এলাকায় কোল্ড চেম্বার বা সবজি সংরক্ষণাগার বা মাল্টি-পারপাস সংরক্ষণাগার স্থাপন করা;

(৫) দেশীয় বাজার ব্যবস্থাপনার পাশাপাশি আমাদের কৃষিপণ্য বিদেশে রপ্তানি করার আরো উদ্যোগ গ্রহণ করা;

(৬) কৃষি প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান গড়ে তুলতে বিদেশি বিনিয়োগকারীদের সাহায্য গ্রহণ করা।

**৮। স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়নে প্রধান পরিকল্পনা**

(১) ক্রমবর্ধমান জনসংখ্যা ও ক্রমহ্রাসমান জমির সমস্যা থেকে উত্তরণ পেতে স্মার্ট ভার্টিকেল এগ্রিকালচার ফার্মিং, স্মার্ট রুপটপ ফার্মিং, পারিবারিক পুষ্টি বাগান ব্যাপকভাবে চালু করা;

(২) আধুনিক সুযোগ-সুবিধা সৃষ্টির মাধ্যমে সাপ্লাই চেইন সংক্ষিপ্তকরণ, কৃষক এবং ভোক্তার ক্রয় বা বিক্রয় ন্যায্যমূল্য নিশ্চিতকরণ এবং স্মার্ট কৃষি বিপণন ব্যবস্থা গড়ে তোলা;

(৩) এসডিজি-২০৩০ কে সামনে নিয়ে ডেল্টা প্ল্যান-২১০০ এ উল্লিখিত কৃষির ছয়টি হটস্পট (হটস্পটগুলো হচ্ছে: উপকূলীয় অঞ্চল, বরেন্দ্র ও খরাপ্রবণ অঞ্চল, হাওর ও আকস্মিক বন্যাপ্রবণ অঞ্চল, পার্বত্য চট্টগ্রাম অঞ্চল, নদী ও মোহনা অঞ্চল এবং নগরাঞ্চল) চ্যালেঞ্জসমূহ মোকাবিলায় যেসব স্মার্ট পরিকল্পনা বা কর্মকৌশলসমূহ রয়েছে তা স্মার্টলি বাস্তবায়ন করা।

**৯। স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়নে প্রধান কার্যাবলি**

(১) মিশ্র ফল চাষ প্রকল্প বাস্তবায়ন করা;

(২) মিশ্র সবজি চাষ প্রকল্প বাস্তবায়ন করা;

(৩) ধান চাষ প্রকল্প বাস্তবায়ন করা;

(৪) মাশরুম চাষ প্রকল্প বাস্তবায়ন করা;

(৫) মৌ চাষ প্রকল্প বাস্তবায়ন করা;

(৬) মৎস্য চাষ প্রকল্প বাস্তবায়ন করা;

(৭) গাভী পালন প্রকল্প বাস্তবায়ন করা;

(৮) ছাগল পালন প্রকল্প বাস্তবায়ন করা;

(৯) হাঁস পালন প্রকল্প বাস্তবায়ন করা;

(১০) মুরগি পালন প্রকল্প বাস্তবায়ন করা;

(১১) স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়নে সময়ে সময়ে গৃহীত অন্যান্য প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম বাস্তবায়ন করা।

**১০। স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়নে সমন্বয়কারী প্রতিষ্ঠানসমূহ**

**(১) ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ ও এর আওতাধীন সংস্থা বা সংগঠন বা দাতাগোষ্ঠীসমূহের অংশগ্রহণে স্মার্ট এগ্রিকালচার কার্যক্রম বাস্তবায়ন পদ্ধতি**

১) স্মার্ট এগ্রিকালচার প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত প্রতিভাবান, নিজ উদ্যোগে স্মার্ট এগ্রিকালচার প্রতিষ্ঠান স্থাপন করতে আগ্রহী, নিজস্ব সম্পদ বিনিয়োগে সমর্থ ও নৈতিকতাসম্পন্ন ব্যক্তিদের বাছাই করে তালিকা প্রণয়ন করে স্মার্ট এগ্রিকালচার কর্তৃপক্ষ বরাবর সরবরাহকরণ এবং আর্থিক, কারিগরি ও প্রযুক্তিগত সহযোগীতা প্রদান করা;

২) স্মার্ট এগ্রিকালচার প্রকল্প বাস্তবায়ন করার জন্য আগ্রহী ব্যক্তি, প্রতিষ্ঠান ও কৃষি উদ্যোক্তাদের জেলা, উপজেলা ও ইউনিয়ন ভিত্তিক ডেটাবেজ বা তালিকা তৈরি করে প্রতি মাসের প্রথম সপ্তাহে প্রতিষ্ঠানের স্মার্ট এগ্রিকালচার কর্তৃপক্ষ বরাবর সরবরাহ করা;

৩) আগ্রহী ব্যক্তি, প্রতিষ্ঠান ও কৃষি উদ্যোক্তা যারা স্মার্ট এগ্রিকালচার প্রকল্পের আওতায় প্রশিক্ষণ গ্রহণ করেন নাই এমন আগ্রহী ব্যক্তি, প্রতিষ্ঠান ও কৃষি উদ্যোক্তাদের জেলা, থানা বা উপজেলা ও ইউনিয়ন ভিত্তিক ডেটাবেজ বা তালিকা তৈরি করে স্মার্ট এগ্রিকালচার কর্তৃপক্ষ বরাবর সরবরাহ করা;

৪) সংশ্লিষ্ট জেলা, থানা বা উপজেলা ও ইউনিয়ন কো-অর্ডিনেটর ও এক্সিকিউটিভ বা টিমের সদস্য কর্তৃক সরজমিনে আগ্রহী ব্যক্তি, প্রতিষ্ঠান ও কৃষি উদ্যোক্তাদের কার্যক্রম পরিদর্শন ও স্মার্ট এগ্রিকালচার প্রকল্পের আওতায় দিক নির্দেশনা প্রদান করা;

৫) স্মার্ট এগ্রিকালচার প্রশিক্ষণ মডিউলে ‘লোকাল বিজনেস প্লান’ তৈরির বিষয় অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণার্থীদের ধারণা প্রদান করা;

৬) প্রতিমাসে সংশ্লিষ্ট জেলা, থানা বা উপজেলা, ইউনিয়ন কো-অর্ডিনেটর ও এক্সিকিউটিভ বা টিমের সদস্যদের নিয়ে স্মার্ট এগ্রিকালচার প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা এবং সাপ্তাহিক ও মাসিক সভা পরিচালনা করা এবং সভা পরিচালনাকারী সভার পূর্বে করণীয়, সভা চলাকালীন সময় করণীয় ও সভার পরে করণীয় নির্ধারণ করবে এবং সভায় অংশগ্রহণকারী সভায় অংশগ্রহণের পূর্বে করণীয়, সভা চলাকালীন সময় করণীয় ও সভার পরে করণীয় প্রতি পালন করা।

(২) ১) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ২) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, ৩) শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ৪) সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, ৫) খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, ৬) চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, ৭) শেখ হাসিনা কৃষি বিশ্ববিদ্যালয়, ৮) কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়, ৯) হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়, এবং ১০) ড. এম এ ওয়াজেদ মিয়া কৃষি বিশ্ববিদ্যালয় এবং সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ বাস্তবায়ন করার জন্য সর্বাত্মক সহযোগীতা করবে।

**১১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের অংশগ্রহণে স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়ন পদ্ধতি**

**১) কৃষি মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের সাথে চুক্তি সম্পাদন ও সহযোগীতা গ্রহণ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয় ও এর বিভাগ এবং এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ: ১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ২) বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), ৩) বীজ প্রত্যয়ন এজেন্সী, ৪) জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), ৫) হর্টেক্স

ফাউন্ডেশন, ৬) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ৭) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, ৮) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ৯) বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই), ১০) বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ১১) বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ১২) বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, ১৩) তুলা উন্নয়ন বোর্ড, ১৪) মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ১৫) কৃষি বিপণন অধিদপ্তর, ১৬) কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১৭) বাংলাদেশ ফলিত পুষ্টি ও মানব সম্পদ উন্নয়ন বোর্ড এবং কৃষি মন্ত্রণালয় ও এর বিভাগ এবং এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের বাংলাদেশের সকল বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয়, থানা বা উপজেলা কার্যালয়, ইউনিয়ন কার্যালয় এবং সংশ্লিষ্ট অন্যান্য সকল মন্ত্রণালয় ও বিভাগ এবং দপ্তরসমূহের সাথে বিভিন্ন প্রকার চুক্তি সম্পাদন ও এর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ থেকে স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ বাস্তবায়ন করার জন্য সর্বাত্মক সহযোগীতা গ্রহণ করবে।

**২) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের সহযোগীতা গ্রহণ**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ:** ১) মৎস্য অধিদপ্তর, ২) বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ৩) বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই), ৪) মেরিন ফিসারিজ একাডেমি, ৫) বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ৬) মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ৭) বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, ৮) প্রাণিসম্পদ অধিদপ্তর এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের বাংলাদেশের সকল বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয়, থানা বা উপজেলা কার্যালয়, ইউনিয়ন কার্যালয় এবং সংশ্লিষ্ট অন্যান্য সকল মন্ত্রণালয় ও বিভাগ এবং দপ্তরসমূহের সাথে বিভিন্ন প্রকার চুক্তি সম্পাদন ও এর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ থেকে স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ বাস্তবায়ন করার জন্য সর্বাত্মক সহযোগীতা গ্রহণ করবে।

**৩) মন্ত্রিপরিষদ বিভাগ ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের সহযোগীতা গ্রহণ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের আওতায় মাঠ প্রশাসনসহ সরকারি, বেসরকারি বিভিন্ন বিভাগের সাথে সমন্বয় করে এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ, কমিটি বিষয়ক শাখা কর্তৃক ঢাকা, ০২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/১৮ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.২২.১৮২ প্রজ্ঞাপনমূলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সের নির্বাহী কমিটি' গঠন করেছে। এ ধারাবাহিকতায় সরকারি প্রতিষ্ঠান, বেসরকারি কোম্পানি ও সংস্থাসমূহের যৌথ উদ্যোগে স্মার্ট বাংলাদেশ-২০৪১ (স্মার্ট সিটিজেন, স্মার্ট সোসাইটি, স্মার্ট ইকোনমি এবং স্মার্ট গভর্নমেন্ট) বাস্তবায়নের অংশ হিসেবে ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ এর আওতায় সমগ্র বাংলাদেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে 'স্মার্ট এগ্রিকালচার প্রকল্প' বিস্তারের লক্ষ্যে 'স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩' বিজ্ঞপ্তি প্রকাশ করে কাজ বা কার্যাবলি বাস্তবায়ন করবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ ও এর মন্ত্রণালয় ও বিভাগসমূহ (Allocation of Business অনুসারে) স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়নে সহযোগীতা প্রদানকারী মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ বাংলাদেশের সকল

বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয়, থানা বা উপজেলা কার্যালয়, ইউনিয়ন কার্যালয় এবং সংশ্লিষ্ট অন্যান্য সকল মন্ত্রণালয় ও বিভাগ এবং দপ্তরসমূহের সাথে বিভিন্ন প্রকার চুক্তি সম্পাদন ও এর সংশ্লিষ্ট অন্যান্য সকল মন্ত্রণালয় ও বিভাগ এবং দপ্তরসমূহের সাথে বিভিন্ন প্রকার চুক্তি সম্পাদন ও এর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ থেকে স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ বাস্তবায়ন করার জন্য সর্বাত্মক সহযোগীতা গ্রহণ করবে।

**৪) জনপ্রশাসন মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের সহযোগীতা গ্রহণ**

জনপ্রশাসন মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ এবং বাংলাদেশের সকল বিভাগীয় কমিশনারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সংশ্লিষ্ট সকল সরকারি প্রতিষ্ঠান, সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-স্বায়ত্তশাসিত বা যেকোনো সংস্থা, কোম্পানি, প্রতিষ্ঠান, এনজিও সংস্থার সরকারি, বেসরকারি যেকোনো প্রতিষ্ঠানের সাথে বিভিন্ন প্রকার চুক্তি সম্পাদন ও এর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ থেকে স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ বাস্তবায়ন করার জন্য সর্বাত্মক সহযোগীতা গ্রহণ করবে।

**৫) স্থানীয় সরকার ও সমবায় মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের সহযোগীতা গ্রহণ**

স্থানীয় সরকার ও সমবায় মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ: **(ক) স্থানীয় সরকার বিভাগ:** ১) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ২) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ৩) জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ৪) রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ৫) ঢাকা ওয়াসা, ৬) চট্টগ্রাম ওয়াসা, ৭) খুলনা ওয়াসা, ৮) রাজশাহী ওয়াসা, ৯) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ১০) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ১২) চট্টগ্রাম সিটি কর্পোরেশন, ১৩) খুলনা সিটি কর্পোরেশন, ১৪) বরিশাল সিটি কর্পোরেশন, ১৫) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, ১৬) গাজীপুর সিটি কর্পোরেশন, ১৭) রংপুর সিটি কর্পোরেশন, ১৮) কুমিল্লা সিটি কর্পোরেশন, ১৯) রাজশাহী সিটি কর্পোরেশন, ২০) সিলেট সিটি কর্পোরেশন, ২১) ময়মনসিংহ সিটি কর্পোরেশন। **(খ) সমবায় বিভাগ:** ১) সমবায় অধিদপ্তর, ২) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), ৩) বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা, ৪) পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) বগুড়া, ৫) বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড), ৬) বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা), ৭) বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড, ৮) ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), ৯) পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), ১০) বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন এবং বাংলাদেশের সকল বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয়, থানা বা উপজেলা কার্যালয়, ইউনিয়ন কার্যালয় এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ এবং ১১) বাংলাদেশের সকল বিভাগীয় কমিশনারের কার্যালয়ের পরিচালক (স্থানীয় সরকার), ১২) জেলা প্রশাসকের কার্যালয়ের উপপরিচালক (স্থানীয় সরকার), ১৩) সিটি কর্পোরেশনের মেয়র ও কাউন্সিলরবৃন্দ এবং সকল কর্মকর্তা ও কর্মচারীগণ, ১৪) পৌরসভার মেয়র ও কাউন্সিলরবৃন্দ এবং

সকল কর্মকর্তা ও কর্মচারীগণ, ১৫) জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দ এবং সকল কর্মকর্তা ও কর্মচারীগণ, ১৬) উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানবৃন্দ এবং সকল কর্মকর্তা ও কর্মচারীগণ এবং ১৭) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ থেকে স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ বাস্তবায়ন করার জন্য সর্বাত্মক সহযোগীতা গ্রহণ ও বিভিন্ন প্রকার চুক্তি সম্পাদন করবে।

৬) **স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের সহযোগীতা গ্রহণ**

স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ: **(ক) জননিরাপত্তা বিভাগ:** ১) বাংলাদেশ পুলিশ, ২) বর্ডার গার্ড বাংলাদেশ, ৩) বাংলাদেশ কোস্ট গার্ড, ৪) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ৫) তদন্ত সংস্থা আন্তঃ অপরাধ ট্রাইবুনাল, ৬) এনটিএমসি, ৭) ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ৮) র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন। **খ) সুরক্ষা সেবা বিভাগ:** ১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ২) কারা অধিদপ্তর, ৩) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এবং ৪) বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের বাংলাদেশের সকল বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয়, থানা বা উপজেলা কার্যালয়, ইউনিয়ন কার্যালয় এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ থেকে স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ বাস্তবায়ন করার জন্য সর্বাত্মক সহযোগীতা গ্রহণ ও বিভিন্ন প্রকার চুক্তি সম্পাদন করবে।

৭) **প্রতিরক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের সহযোগীতা গ্রহণ**

প্রতিরক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ: ১) বাংলাদেশ সেনাবাহিনী, ২) বাংলাদেশ নৌবাহিনী, ৩) বাংলাদেশ বিমান বাহিনী, ৪) সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর, ৫) আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ, ৬) ক্যাডেট কলেজ, ৭) সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ৮) মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস, ৯) প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ১০) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ১১) গুপ্তসংকেত পরিদপ্তর, ১২) মিনিস্ট্রি অব ডিফেন্স কনস্ট্যাবিউলারি, ১৩) আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ১৪) বাংলাদেশ সশস্ত্রবাহিনী বোর্ড, ১৫) বাংলাদেশ অর্ডন্যান্স ফ্যাক্টরিজ, ১৬) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ১৭) কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, ১৮) প্রতিরক্ষা ক্রয় মহা-পরিদপ্তর, ১৯) বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন সংস্থা, ২০) মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি, ২১) বাংলাদেশ জরিপ অধিদপ্তর, ২২) সামরিক বাহিনী কমান্ড এন্ড স্টাফ কলেজ এবং ২৩) জাতীয় প্রতিরক্ষা কলেজ এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের বাংলাদেশের সকল বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয়, থানা বা উপজেলা কার্যালয়, ইউনিয়ন কার্যালয় এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ থেকে স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ বাস্তবায়ন করার জন্য সর্বাত্মক সহযোগীতা গ্রহণ ও বিভিন্ন প্রকার চুক্তি সম্পাদন করবে।

## তৃতীয় অধ্যায়

## স্মার্ট এগ্রিকালচার রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন সমূহ

### ১২। স্মার্ট এগ্রিকালচার রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন সমূহ

কৃষক ও কৃষি উদ্যোক্তাদের জন্য My Welfare App অথবা www.welfarebd.org এর মাধ্যমে স্মার্ট এগ্রিকালচার রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন সমূহ। যথা:

| ক্রম | রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন সমূহ | প্রজেক্ট কোড | ফিন্যান্সিয়াল কোড | ডিস্ট্রিবিউশন কোড | রেফারেন্স কোড |
|---|---|---|---|---|---|
| ১) | মিশ্র ফল চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম | CAMFCP | ৫৫০০ | ৩৩০০ | ২২০০ |
| ২) | মিশ্র সবজি চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম | CAMVCP | ৩৫০০ | ২১০০ | ১৪০০ |
| ৩) | ধান চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম | CAPCP | ৪৫০০ | ২৭০০ | ১৮০০ |
| ৪) | মাশরুম চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম | CAMCP | ৫৫০০ | ৩৩০০ | ২২০০ |
| ৫) | মৌ চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম | CAPBFP | ৮৫০০ | ৫১০০ | ৩৪০০ |
| ৬) | মৎস্য চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম | CAFP | ১৫৫০০ | ৯৩০০ | ৬২০০ |
| ৭) | গাভী পালন প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম | CACRP | ১৫৫০০ | ৯৩০০ | ৬২০০ |
| ৮) | ছাগল পালন প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম | CAGRP | ৭৫০০ | ৪৫০০ | ৩০০ |
| ৯) | হাঁস পালন প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম | CAPRP | ৩৫০০ | ২১০০ | ১৪০০ |
| ১০) | মুরগি পালন প্রকল্পে | CSPRP | ৩৫০০ | ২১০০ | ১৪০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | মূলধন সহায়তা প্রোগ্রাম | | | | |

১৩। **স্মার্ট এগ্রিকালচার প্রোডাক্ট বা পরিষেবা বিতরণ ব্যবস্থাপনা**

কৃষক ও কৃষি উদ্যোক্তাদের জন্য স্মার্ট এগ্রিকালচার রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন আওতাভুক্ত প্রোডাক্ট বা পরিষেবাসমূহ। যথা:

(১) **মিশ্র ফল চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CAMFCP)**

প্রতিষ্ঠানের অ্যাপ ও ওয়েবসাইটের মাধ্যমে এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ৫,৫০০ টাকা প্রদান করে অংশগ্রহণ করলে রেজিস্ট্রেশনকৃত সদস্যদেরকে প্রতিষ্ঠানের ব্যবসা-বাণিজ্য থেকে প্রাপ্ত লভ্যাংশ অথবা দেশ ও বিদেশের সরকারি বা বেসরকারি বিভিন্ন ধরণের দাতাগোষ্ঠীর দান-অনুদান অথবা যেকোনো প্রতিষ্ঠান বা ব্যক্তির অর্থায়নে অথবা সংশ্লিষ্ট যেকোনো বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে মেয়াদকালের মধ্যে মিশ্র ফল চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CAMFCP) সংশ্লিষ্ট প্রোডাক্ট অথবা পরিষেবা অথবা বোনাস অথবা এককালীন আর্থিক সহায়তার আওতাভুক্ত হবে।

(২) **মিশ্র সবজি চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CAMVCP)**

প্রতিষ্ঠানের অ্যাপ ও ওয়েবসাইটের মাধ্যমে এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ৩,৫০০ টাকা প্রদান করে অংশগ্রহণ করলে রেজিস্ট্রেশনকৃত সদস্যদেরকে প্রতিষ্ঠানের ব্যবসা-বাণিজ্য থেকে প্রাপ্ত লভ্যাংশ অথবা দেশ ও বিদেশের সরকারি বা বেসরকারি বিভিন্ন ধরণের দাতাগোষ্ঠীর দান-অনুদান অথবা যেকোনো প্রতিষ্ঠান বা ব্যক্তির অর্থায়নে অথবা সংশ্লিষ্ট যেকোনো বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে মেয়াদকালের মধ্যে মিশ্র সবজি চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CAMVCP) সংশ্লিষ্ট প্রোডাক্ট অথবা পরিষেবা অথবা বোনাস অথবা এককালীন আর্থিক সহায়তার আওতাভুক্ত হবে।

(৩) **ধান চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CAPCP)**

প্রতিষ্ঠানের অ্যাপ ও ওয়েবসাইটের মাধ্যমে এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ৪,৫০০ টাকা প্রদান করে অংশগ্রহণ করলে রেজিস্ট্রেশনকৃত সদস্যদেরকে প্রতিষ্ঠানের ব্যবসা-বাণিজ্য থেকে প্রাপ্ত লভ্যাংশ অথবা দেশ ও বিদেশের সরকারি বা বেসরকারি বিভিন্ন ধরণের দাতাগোষ্ঠীর দান-অনুদান অথবা যেকোনো প্রতিষ্ঠান বা ব্যক্তির অর্থায়নে অথবা সংশ্লিষ্ট যেকোনো বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে মেয়াদকালের মধ্যে ধান চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CAPCP) সংশ্লিষ্ট প্রোডাক্ট অথবা পরিষেবা অথবা বোনাস অথবা এককালীন আর্থিক সহায়তার আওতাভুক্ত হবে।

(৪) **মাশরুম চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CAMCP)**

প্রতিষ্ঠানের অ্যাপ ও ওয়েবসাইটের মাধ্যমে এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা

সাবস্ক্রিপশন ফি ৫,৫০০ টাকা প্রদান করে অংশগ্রহণ করলে রেজিস্ট্রেশনকৃত সদস্যদেরকে প্রতিষ্ঠানের ব্যবসা-বাণিজ্য থেকে প্রাপ্ত লভ্যাংশ অথবা দেশ ও বিদেশের সরকারি বা বেসরকারি বিভিন্ন ধরণের দাতাগোষ্ঠীর দান-অনুদান অথবা যেকোনো প্রতিষ্ঠান বা ব্যক্তির অর্থায়নে অথবা সংশ্লিষ্ট যেকোনো বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে মেয়াদকালের মধ্যে মাশরুম চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CAMCP) সংশ্লিষ্ট প্রোডাক্ট অথবা পরিষেবা অথবা বোনাস অথবা এককালীন আর্থিক সহায়তার আওতাভুক্ত হবে।

**(৫) মৌ চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CAPBFP)**

প্রতিষ্ঠানের অ্যাপ ও ওয়েবসাইটের মাধ্যমে এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ৮,৫০০ টাকা প্রদান করে অংশগ্রহণ করলে রেজিস্ট্রেশনকৃত সদস্যদেরকে প্রতিষ্ঠানের ব্যবসা-বাণিজ্য থেকে প্রাপ্ত লভ্যাংশ অথবা দেশ ও বিদেশের সরকারি বা বেসরকারি বিভিন্ন ধরনের দাতাগোষ্ঠীর দান-অনুদান অথবা যেকোনো প্রতিষ্ঠান বা ব্যক্তির অর্থায়নে অথবা সংশ্লিষ্ট যেকোনো বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে মেয়াদকালের মধ্যে মৌ চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CAPBFP) সংশ্লিষ্ট প্রোডাক্ট অথবা পরিষেবা অথবা বোনাস অথবা এককালীন আর্থিক সহায়তার আওতাভুক্ত হবে।

**(৬) মৎস্য চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CAFP)**

প্রতিষ্ঠানের অ্যাপ ও ওয়েবসাইটের মাধ্যমে এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ১৫,৫০০ টাকা প্রদান করে অংশগ্রহণ করলে রেজিস্ট্রেশনকৃত সদস্যদেরকে প্রতিষ্ঠানের ব্যবসা-বাণিজ্য থেকে প্রাপ্ত লভ্যাংশ অথবা দেশ ও বিদেশের সরকারি বা বেসরকারি বিভিন্ন ধরনের দাতাগোষ্ঠীর দান-অনুদান অথবা যেকোনো প্রতিষ্ঠান বা ব্যক্তির অর্থায়নে অথবা সংশ্লিষ্ট যেকোনো বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে মেয়াদকালের মধ্যে মৎস্য চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CAFP) সংশ্লিষ্ট প্রোডাক্ট অথবা পরিষেবা অথবা বোনাস অথবা এককালীন আর্থিক সহায়তার আওতাভুক্ত হবে।

**(৭) গাভী পালন প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CACRP)**

প্রতিষ্ঠানের অ্যাপ ও ওয়েবসাইটের মাধ্যমে এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ১৫,৫০০ টাকা প্রদান করে অংশগ্রহণ করলে রেজিস্ট্রেশনকৃত সদস্যদেরকে প্রতিষ্ঠানের ব্যবসা-বাণিজ্য থেকে প্রাপ্ত লভ্যাংশ অথবা দেশ ও বিদেশের সরকারি বা বেসরকারি বিভিন্ন ধরনের দাতাগোষ্ঠীর দান-অনুদান অথবা যেকোনো প্রতিষ্ঠান বা ব্যক্তির অর্থায়নে অথবা সংশ্লিষ্ট যেকোনো বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে মেয়াদকালের মধ্যে গাভী পালন প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CACRP) সংশ্লিষ্ট প্রোডাক্ট অথবা পরিষেবা অথবা বোনাস অথবা এককালীন আর্থিক সহায়তার আওতাভুক্ত হবে।

**(৮) ছাগল পালন প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CAGRP)**

প্রতিষ্ঠানের অ্যাপ ও ওয়েবসাইটের মাধ্যমে এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ৭,৫০০ টাকা প্রদান করে অংশগ্রহণ করলে রেজিস্ট্রেশনকৃত সদস্যদেরকে প্রতিষ্ঠানের ব্যবসা-বাণিজ্য থেকে প্রাপ্ত লভ্যাংশ অথবা দেশ ও বিদেশের সরকারি বা বেসরকারি বিভিন্ন ধরনের দাতাগোষ্ঠীর দান-অনুদান অথবা যেকোনো প্রতিষ্ঠান বা ব্যক্তির অর্থায়নে অথবা সংশ্লিষ্ট যেকোনো বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে মেয়াদকালের মধ্যে ছাগল পালন প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CAGRP) সংশ্লিষ্ট প্রোডাক্ট অথবা পরিষেবা অথবা বোনাস অথবা এককালীন আর্থিক সহায়তার আওতাভুক্ত হবে।

**(৯) হাঁস পালন প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CAPRP)**

প্রতিষ্ঠানের অ্যাপ ও ওয়েবসাইটের মাধ্যমে এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ৩,৫০০ টাকা প্রদান করে অংশগ্রহণ করলে রেজিস্ট্রেশনকৃত সদস্যদেরকে প্রতিষ্ঠানের ব্যবসা-বাণিজ্য থেকে প্রাপ্ত লভ্যাংশ অথবা দেশ ও বিদেশের সরকারি বা বেসরকারি বিভিন্ন ধরনের দাতাগোষ্ঠীর দান-অনুদান অথবা যেকোনো প্রতিষ্ঠান বা ব্যক্তির অর্থায়নে অথবা সংশ্লিষ্ট যেকোনো বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে মেয়াদকালের মধ্যে হাঁস পালন প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CAPRP) সংশ্লিষ্ট প্রোডাক্ট অথবা পরিষেবা অথবা বোনাস অথবা এককালীন আর্থিক সহায়তার আওতাভুক্ত হবে।

**(১০) মুরগি পালন প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CSPRP)**

প্রতিষ্ঠানের অ্যাপ ও ওয়েবসাইটের মাধ্যমে এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ৩,৫০০ টাকা প্রদান করে অংশগ্রহণ করলে রেজিস্ট্রেশনকৃত সদস্যদেরকে প্রতিষ্ঠানের ব্যবসা-বাণিজ্য থেকে প্রাপ্ত লভ্যাংশ অথবা দেশ ও বিদেশের সরকারি বা বেসরকারি বিভিন্ন ধরনের দাতাগোষ্ঠীর দান-অনুদান অথবা যেকোনো প্রতিষ্ঠান বা ব্যক্তির অর্থায়নে অথবা সংশ্লিষ্ট যেকোনো বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে মেয়াদকালের মধ্যে মুরগি পালন প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম (CSPRP) সংশ্লিষ্ট প্রোডাক্ট অথবা পরিষেবা অথবা বোনাস অথবা এককালীন আর্থিক সহায়তার আওতাভুক্ত হবে।

## চতুর্থ অধ্যায়
## স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়নে কার্যক্রম এলাকা ও পরিধি সম্প্রসারণ এবং ব্যবস্থাপনা

**১৪। স্মার্ট এগ্রিকালচার কার্যক্রম এলাকা ও পরিধি সম্প্রসারণ**

প্রতিষ্ঠানের স্মার্ট এগ্রিকালচার কার্যক্রম এলাকা ও পরিধি হবে বাংলাদেশের সকল বিভাগ, সকল জেলা, সকল উপজেলা, সকল ইউনিয়ন এবং সকল সিটি কর্পোরেশন ও সকল পৌরসভা এলাকা। তবে ভবিষ্যতে প্রতিষ্ঠানের প্রয়োজনবোধে বিশ্বের সকল দেশে কার্যক্রম এলাকা ও পরিধি সম্প্রসারণ করবে।

**১৫। কার্যালয় স্থাপন ব্যতিরেকে স্মার্ট এগ্রিকালচার কার্যক্রম বাস্তবায়ন পদ্ধতি**

সমগ্র বাংলাদেশ এবং বিশ্বের সকল দেশে কার্যালয় স্থাপন ব্যতিরেকে স্মার্ট এগ্রিকালচার কার্যক্রম বাস্তবায়ন করার জন্য প্রতিষ্ঠানের My Welfare App অথবা www.welfarebd.org অথবা www.welfarefamily.org অথবা www.job.welfarefamily.org অথবা www.quiz.welfarefamily.org অথবা www.welfare.com.bd এবং প্রাতিষ্ঠানিক অন্যান্য Software, Website, Mobile Apps সহ অন্যান্য Modern Technology ব্যবহার করে অ্যাপ বা ওয়েবসাইটের মাধ্যমে সদস্য রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন করে স্মার্ট এগ্রিকালচার প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম ইত্যাদি পরিচালনা করতে পারবে।

**১৬। পার্বত্য চট্টগ্রাম ও চট্টগ্রাম বিভাগ এবং সমগ্র বাংলাদেশে স্মার্ট এগ্রিকালচার কার্যক্রম বাস্তবায়ন পদ্ধতি**

পার্বত্য চট্টগ্রাম তথা রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা এবং চট্টগ্রাম বিভাগ ও সমগ্র বাংলাদেশের সকল জেলা, সকল উপজেলা, সকল ইউনিয়ন এবং সকল সিটি কর্পোরেশন ও সকল পৌরসভার গ্রাম, পাড়া, মহল্লা এলাকায় My Welfare App অথবা www.welfarebd.org অথবা www.welfarefamily.org অথবা www.job.welfarefamily.org অথবা www.quiz.welfarefamily.org অথবা www.welfare.com.bd এবং প্রাতিষ্ঠানিক অন্যান্য Software, Website, Mobile Apps সহ অন্যান্য Modern Technology ব্যবহার করে অ্যাপ বা ওয়েবসাইটের মাধ্যমে সদস্য রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন করে স্মার্ট এগ্রিকালচার প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম ইত্যাদি পরিচালনা করতে পারবে।

**১৭। স্মার্ট এগ্রিকালচার কর্তৃপক্ষ কাঠামো গঠন**

ওয়েলফেয়ার ম্যানেজমেন্ট সভায় সিদ্ধান্ত গ্রহণ করে প্রাতিষ্ঠানিকভাবে অথবা অন্য যেকোনো উপায় বা পদ্ধতিতে বিজ্ঞপ্তি প্রকাশ করে স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ অনুযায়ী বিভিন্ন প্রকার কাজ বা কার্যাবলি গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করার জন্য ওয়েলফেয়ার ফ্যামিলি ম্যানেজমেন্ট কাজ করবে এবং প্রতিষ্ঠানের সকল বিভাগ বা উইং সমন্বয় করবে। প্রয়োজনবোধে পরবর্তীতে ওয়েলফেয়ার ম্যানেজমেন্ট কর্তৃপক্ষ ওয়েলফেয়ার স্মার্ট এগ্রিকালচার কর্তৃপক্ষ কাঠামো গঠন করতে পারবে।

**১৮। স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়নে জনবল স্থায়ী বা অস্থায়ী নিয়োগ**

(১) প্রতিষ্ঠানের নিয়োগ কমিটি বিজ্ঞপ্তি প্রকাশ করে অথবা যেকোনো ভাবে স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়নের জন্য জনবল স্থায়ী বা অস্থায়ী পদে চাকরী প্রার্থীকে ওয়েলফেয়ার এস্টাব্লিশমেন্ট ম্যানুয়েল, ২০২৩ অনুযায়ী এবং ওয়েলফেয়ার (কর্মচারী) চাকরী ও আচরণ নীতিমালা, ২০২৩ এ উল্লিখিত ধারা, উপধারার শর্তসাপেক্ষে জনবল নিয়োগ সম্পাদন করতে পারবে।

(২) স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়নে জনবল স্থায়ী বা অস্থায়ী চাকরী প্রার্থীকে www.welfarefamily.org বা www.job.welfarefamily.org অথবা প্রাতিষ্ঠানিক অন্যান্য Website এর মাধ্যমে আবেদন করতে হবে।

**(৩) স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়নে জনবল স্থায়ী বা অস্থায়ী নিয়োগের শর্ত পূরণের জন্য স্বেচ্ছায় স্বপ্রণোদিত হয়ে এককালীন অফেরতযোগ্য ফি প্রদান করে নিম্নোক্ত রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন**

**সমূহ সম্পাদন করতে হবে। যথা:**

১) জব পোর্টাল রেজিস্ট্রেশন ফি ২৫০ টাকা প্রদান করতে হবে;

২) My Welfare App অথবা www.welfarebd.org রেজিস্ট্রেশন ক্যাটাগরি অনুযায়ী ফি প্রদান করে রেজিস্ট্রেশন করতে হবে;

৩) মিশ্র ফল চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন ফি ৫,৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করতে হবে;

৪) মিশ্র সবজি চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন ফি ৩,৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করতে হবে;

৫) ধান চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন ফি ৪,৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করতে হবে;

৬) মাশরুম চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন ফি ৫,৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করতে হবে;

৭) মৌ চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন ফি ৮,৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করতে হবে;

৮) মৎস্য চাষ প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন ফি ১৫,৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করতে হবে;

৯) গাভী পালন প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন ফি ১৫,৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করতে হবে;

১০) ছাগল পালন প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন ফি ৭,৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করতে হবে;

১১) হাঁস পালন প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন ফি ৩,৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করতে হবে;

১২) মুরগি পালন প্রকল্পে মূলধন সহায়তা প্রোগ্রাম রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন ফি ৩,৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করতে হবে;

১৩) স্মার্ট বাংলাদেশ অভিযাত্রা প্রকাশনা কপি ক্রয় করতে হবে;

১৪) ৬০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে কর্মচারী অঙ্গীকারনামা ও বৈধ অভিভাবকের জামিনদারনামা নোটারী পাবলিকের কার্যালয়ে সম্পাদন করে জমা দিতে হবে।

**১৯। স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩**

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ, কমিটি বিষয়ক শাখা কর্তৃক ঢাকা, ০২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/১৮ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখে নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.২২.১৮২-প্রজ্ঞাপনমূলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সের নির্বাহী কমিটি' গঠন করেছে। এ ধারাবাহিকতায় ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড (ব্র্যান্ডিং পরিচিতি ও শিরোনামযুক্ত প্রতিষ্ঠান বা সংস্থা: ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ) সরকারের সহযোগী উন্নয়ন সংস্থা হিসেবে স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ এর আওতাভুক্ত কাজ বা কার্যাবলি বাস্তবায়ন করবে।

২০। **আর্থিক, কারিগরি ও প্রযুক্তিগত সহযোগিতা এবং সার্বিক তত্ত্বাবধান**

স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ বাস্তবায়ন করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড, বাংলাদেশে অবস্থানরত বিদেশি দূতাবাস ও হাইকমিশন সমূহ, দেশি,বিদেশি ব্যাংকসমূহ, দেশি, বিদেশি কোম্পানিসমূহ, দেশি, বিদেশি রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন সদস্যগণ, দেশি, বিদেশি জনহিতৈষী ব্যক্তি এবং বৈদেশিক সাহায্যপুষ্ট দাতাগোষ্ঠী সমূহ আর্থিক, কারিগরি ও প্রযুক্তিগত সহযোগিতা এবং সার্বিক তত্ত্বাবধান করবে।

২১। **স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ বিজ্ঞপ্তি সংশোধন পদ্ধতি**

স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ বিজ্ঞপ্তি যুগোপযোগী অথবা নতুন প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম অন্তর্ভুক্তিকরণ, বাস্তবায়ন ও সম্প্রসারণ এবং অগ্রগতি ও উন্নয়নের স্বার্থে যেকোনো ধারা, উপধারা প্রণয়ন, উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন, বিয়োজন, নাম পরিবর্তন বা সংশোধন অথবা একীভূতকরণ এর প্রয়োজনীয়তা দেখা দিলে কর্তৃপক্ষ স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ বিজ্ঞপ্তি যেকোনো সময় সংশোধন করতে পারবে।

২২। **স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ বিজ্ঞপ্তির অস্পষ্টতা দূরীকরণ**

স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ বিজ্ঞপ্তির যেকোনো ধারা, উপধারা কার্যকর করার ক্ষেত্রে কোনো অস্পষ্টতা দেখা দিলে কর্তৃপক্ষ স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ বিজ্ঞপ্তির সাথে সঙ্গতিপূর্ণ হওয়া সাপেক্ষে, উক্তরূপ অস্পষ্টতা দূর করতে পারবে।

২৩। **স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ বিজ্ঞপ্তি ইংরেজিতে অনুবাদ প্রকাশ**

স্মার্ট এগ্রিকালচার নীতিমালা, ২০২৩ বিজ্ঞপ্তি ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করতে পারবে, তবে বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাবে।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd